

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

ঢাকা, রবিবার, ২০ ফেব্রুয়ারি ২০১১, ০৮ ফাল্গুন ১৪১৭, ১৬ রবিউল আউয়াল ১৪৩২

গাইবান্ধায় ফ্রেন্ডশিপের ইপিআই কর্মসূচি

গাইবান্ধায় বেসরকারি সংগঠন ফ্রেন্ডশিপের অ্যাকসেস সিং টু এ বেটার লাইফ প্রজেক্টের আয়োজনে সম্প্রতি ইপিআই কর্মসূচির ওপর কমিউনিটি স্কোর কার্ড বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে গাইবান্ধার বাটিকামারী, পারদিয়ারা ও সিধাই চরে ইপিআই কর্মসূচির ওপর এ কার্ড পরিচালনা করা হয়েছে। দরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়নে এবং তাদের অংশগ্রহণে জনসেবাকে উন্নত করার জন্য পৃথিবীর বিভিন্ন দেশে এই কার্ড পদ্ধতি ব্যাপকভাবে ব্যবহৃত হয়। ফ্রেন্ডশিপের সহকারী পরিচালক (কর্মসূচি) মুনির হোসেনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রনজিত কুমার দাস। বিশেষ অতিথি ছিলেন পরিবার পরিকল্পনা অধিদফতরের উপ-পরিচালক ডা. ফেরদৌস হোসেন, মানুষের জন্য ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার মছিয়া লিয়া। সেমিনারে মাঠ পর্যায়ের সেবাদানকারী, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, শিক্ষা, কৃষি ও সমবায় বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

* গাইবান্ধা প্রতিনিধি